



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২১-৭৬২৪/১৬

তারিখ: ১৬ মার্চ ২০২২খ্রি.

বিষয়: সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় দেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী-শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিতকরণ ও দেশব্যাপী বহুল প্রচার।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০০৫.১৮.৮৩, তারিখ-২২ ফেব্রুয়ারি ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি উদ্যোগে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় সুবর্ণজয়ন্তী ওয়েবসাইট ও সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতার মূল উদ্দেশ্য হচ্ছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনাদর্শ, বাংলাদেশের স্বাধীনতা, মুক্তিযুদ্ধ, বৃহৎকল্প ২০৪১, স্বাধীনতার শতবর্ষ ২০৭১, ডেল্টা প্ল্যান ২১০০, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, বাংলাদেশের অর্জন, সকল ই-সেবা ইত্যাদি সম্পর্কে তরুণ প্রজন্মকে সচেতন করে তোলা এবং বাংলাদেশের ইতিহাস ঐতিহ্য জানানোর মধ্য দিয়ে আগামীর উন্নত বাংলাদেশ বিনির্মাণে তরুণ প্রজন্মকে যথাযথভাবে গড়ে তোলা।

সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধনের কাজ চলমান আছে। জাতীয় পর্যায়ে গৃহীত এই অনলাইন কুইজ প্রতিযোগিতায় (৮-১২; ১৩-১৮ এবং ১৯-তদুর্ধ্ব বয়স)। দেশের সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থী ও শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। নিম্নে উল্লিখিত গুগল ড্রাইভ লিংকে কুইজে অংশগ্রহণের নিয়মাবলীর বর্ণনা সাপেক্ষে কল ফর অ্যাকশন ভিডিও আপলোড করা হয়েছে। গুগল ড্রাইভ লিংক;  
<https://drive.google.com/drive/folders/1xRgldaZsgwA-m3bQ5vfTE17J9exoFpwc?usp=sharing>

এমতাবস্থায়, সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থী ও শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(বিপুল চন্দ্র বিশ্বাস)  
উপপরিচালক (সাধারণ প্রশাসন)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫. পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (সকল) (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি/টিটিসি কলেজ (সকল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৭. উপপরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৯. জেলা শিক্ষা অফিসার, সকল (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয়, (সকল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৩. সংরক্ষণ নথি।